

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.৩৪৯.১৫.৬৬

তারিখ: ২৩/০১/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ উপপরিচালক, বিআরডিবি, মেহেরপুর এর স্মারক নং- ৪৭.৬২.৫৭০০.৮৫৭.০২.০৭৩.২১.৫০, তারিখ- ১৯/০১/২০২২ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র কর্মসূচীর আওতায় মেহেরপুর জেলার সদর উপজেলাধীন যাদবপুর ঘাটপাড়া মহিলা সমিতির সদস্য জনাব মোছা: বুকসানা বেগম, আইডি নং-৪০৪৭৮৭-৪৫-০৫, স্বামী: জনাব মো: লুকমান আলী “গাভী পালন” আইজিএ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর, মেহেরপুর সরেজমিনে পরিদর্শনপূর্বক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদনের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, মেহেরপুর কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা’র ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হল।

শর্তসমূহঃ

১. প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ উদ্যোক্তা সদস্য নিজস্ব তহবিল হতে অর্থায়ন করবেন;
২. চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থাবর সম্পত্তির দলিল মরগেজ হিসেবে দাখিল করতে হবে (সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরগেজ করতে হবে); যদি ঋণ গ্রহীতার স্থায়ী সম্পদ না থাকে তাহলে তাঁর বৈধ বা আইনগত অভিভাবক (স্বামী/পিতা) বা গ্যারান্টর এর সম্পদ মরগেজ রাখতে হবে ;
৩. ঋণের বিপরীতে ৩টি পোস্ট ডেটেড চেক (Post dated cheque) IRESPPW (LOAN FUND), BRDB শিরোনামে Account Payee সীল দিয়ে গ্রহণ করতে হবে এবং স্মারক নং- ৯২৯, তারিখ: ০৩.১০.২০২১ খ্রিঃ মূলে জারীকৃত নমুনা চুক্তিপত্র অনুযায়ী ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি সম্পাদন করতে হবে;
৪. উপপরিচালক, বিআরডিবি, মেহেরপুর বর্নিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন ;
৫. অনুমোদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে;
৬. সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
৭. মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ক্রস চেকের মাধ্যমে ডিসি/ডিডি/ইউএনও/গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে বিতরণপূর্বক ছবি সংরক্ষণ ও প্রেরণ করতে হবে;
৮. অনুমোদিত ঋণ প্রস্তাবিত প্রকল্পে বিনিয়োগের পর পরবর্তীতে পরিদর্শনপূর্বক পকল্পের ছবি প্রেরণ করতে হবে;
৯. অনুমোদিত ঋণের পরিমানের আলোকে তমসুক, একরারনামা ও ডিপি নোট (সদস্য ও সমিতি ওয়ারী) ইত্যাদি হালনাগাদ করতে হবে;
১০. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ নীতিমালার ব্যত্যয় হলে বা সংযুক্ত দলিল পত্র/তথ্য ভবিষ্যতে ভুল প্রমানিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

উপপরিচালক

বিআরডিবি, মেহেরপুর।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.৩৪৯.১৫.৬৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর, মেহেরপুর।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), মেহেরপুর সদর, মেহেরপুর।
৬. অফিস নথি/গার্ডফাইল।

মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

তারিখ: ২৩/০১/২০২২ খ্রিষ্টাব্দ

মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক